



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫

: ৯৫৬০০৩১-৩৫/২৫০

E-mail: dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

নং প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/১৫২৪

তারিখ : ১০-০৪-২০১৯ইং

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

সকল শাখা ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট স্কিম খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৫/২০১৯ এবং ০৬/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ইং এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্র ২ দুইটির ১.৪(ক) অনুচ্ছেদ মোতাবেক যে কোন মাসের ১০ তারিখের মধ্যে হিসাব খুলতে পারবে বলে নির্দেশনা দেয়া আছে। কিন্তু, শুভ হালখাতা-১৪২৬ উপলক্ষে ১১ এপ্রিল ২০১৯ইং তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০৩৬টি শাখায় একযোগে মহাক্যাম্প আয়োজন করা হয়েছে। ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প, বিকেবি মিলিয়নিয়ার স্কিম, বিকেবি ডাবল প্রফিট স্কিম, বিকেবি মাসিক ডিপোজিট স্কিম নামীয় নতুন প্রবর্তিত ০৪ (চার) টি আমানতের আকর্ষণীয় স্কিম খোলার জন্য ব্যাপক প্রচার প্রচারণা করা হয়েছে। ফলশ্রুতিতে, মহাক্যাম্প উপলক্ষে প্রতিটি শাখা কর্তৃক আয়োজিত ক্যাম্পে বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট স্কিম এর আওতায় বিপুল সংখ্যক হিসাব খোলার সম্ভাবনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, মহাক্যাম্প উপলক্ষে প্রতিটি শাখা কর্তৃক আয়োজিত ক্যাম্পে বিকেবি মিলিয়নিয়ার স্কিম ও বিকেবি মাসিক ডিপোজিট স্কিম এর আওতায় শুধুমাত্র এপ্রিল ২০১৯ইং মাসের জন্য হিসাব খোলার সময় ১১ এপ্রিল ২০১৯ইং পর্যন্ত বর্ধিত করা হলো। ১১ এপ্রিল ২০১৯ইং তারিখে খোলা হিসাব সমূহের জন্য পরিপত্রের ১.৪(ছ) অনুচ্ছেদে বর্ণিত সময়ও ১১ এপ্রিল ২০১৯ইং পর্যন্ত বর্ধিত করা হলো। ১১ এপ্রিল ২০১৯ইং তারিখে খোলা হিসাবসমূহের মেয়াদপূর্তি হবে সংশ্লিষ্ট মাসের ১১ তারিখের পর।

০৪। উল্লেখ্য, পরবর্তী মাস হতে ১০ তারিখ পর্যন্ত হিসাব খোলার নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

তারিখ : ১০-০৪-২০১৯ইং

নং প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/১৫২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। নথি/মহানথি।

(জামিল হোসেন)

উর্ধতন মুখ্য কর্মকর্তা